প্রত্যেক শটের পর হাউ হাউ করে কেঁদেছিলাম : কুবরা

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা : টিভি সিরিজ জনপ্রিয়তার শীর্ষে যখন বলিউড ও পেছনে পড়ে নেই। ভিন্নধারার সিনেমা নির্মাতাদের কল্যাণে দুর্দান্ত এক টিভি সিরিজ রিলিজ পেল। পরিণত ডায়ালগ অভিনেত্রীদের খোলামেলা আগমনে জমে উঠেছে প্রাপ্তবয়স্কদের জন্য নির্মিত এই ছবি।

নেটফ্লিক্সের ওয়েব সিরিজ সেক্রেড গেম এখন ঝড় তুলেছে বিনোদন জগতে। প্রতিদিনই বিনোদন দুনিয়ার খবরের শিরোনামে উঠে আসছে অনুরাগ কাশ্যপ ও বিক্রম আদিত্য মোতওয়ানির এই ওয়েব সিরিজ। তবে এবার এই ওয়েব সিরিজের এক দৃশ্য নিয়ে বিস্ফোরক মন্তব্য করে বসলেন অভিনেত্রী কুবরা সাইত।

কুবরা জানান, পরিচালকের কথায় ক্যামেরার সামনে আমাকে সাতবার নগ্ন হতে হয়েছিল!’

সেক্রেড গেম ওয়েব সিরিজে কুবরাকে এক রূপান্তরকামী বার ড্যান্সারের চরিত্রে দেখা গেছে। কুবরা জানান, বিক্রম আমাকে বার বার একই দৃশ্যে অভিনয় করতে বলছিল। আর বারবারই বলছিল এটাই শেষবার। আমাকে ক্যামেরার সামনে একেবারে নগ্ন হয়ে দাঁড়াতে হয়েছিল। প্রত্যেকটি শটের পরেই আমি মাটিতে শুয়ে হাউ হাউ করে কেঁদেছিলাম।

কুবরা আরও বলেন, তবে যখন দৃশ্যটি দেখি। আমি হতবাক হই। অদ্ভুত সুন্দরভাবে ওই দৃশ্যটি দৃশ্যায়ণ করেছেন বিক্রম। আমি সত্যিই আপ্লুত। তবে বিক্রম কিন্তু বার বার আমার কাছে ক্ষমাও চেয়েছেন, এই দৃশ্যটিকে বার বার ক্যামেরা বন্দি করার জন্য।

নিউজবিডি৭১/আ/জুলাই ১১ ,২০১৮